কানুনগো
সার্ভেয়ার
প্রধান সহকারী
নাজির
অফিস সহকারী
সার্টিফিকেট সহকারী

২৬/০১/২৩
সহকারী কমিশনার (ভূমি)
কালিয়া, নড়াইল

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়া, নড়াইল।

স্মারক নম্বরঃ ০৫.৪৪.৬৫২৮.০০১.০৫.০১৩.২৩-২৬

তারিখ ঃ ১৫/০১/২০২৩ খ্রিঃ।

## "জলমহাল ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্বারা কালিয়া উপজেলাধীন ২০ (বিশ) একর পর্যন্ত খাস বদ্ধজলাশয়/পুকুর বাংলা১৪৩০-১৪৩২ সনের ৩০শে চৈত্র পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদী ইজারা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষ ও সময় সূচী মোতাবেক প্রকৃত মৎস্যজীবীদের নিকট থেকে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র ফরম দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের পূর্ব দিন পর্যন্ত (বন্ধের দিন ব্যতিত) অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) সহকারী কমিশনার (ভূমি), ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। দরপত্র নির্ধারিত তারিখে সকাল ৯.০০টা হতে বেলা ১.০০টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিন বেলা ২.০০ টায় দরদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে দরপত্র বাক্স খোলা হবে। ১ম দফায় টেন্ডারে কোন জলমহালের দেয় দর অনুমোদিত হলে ২য় দফায় ঐ জলমহালের নাম বাদ দেওয়া হয়েছে, ২য় দফায় টেন্ডারে অনুমোদিত হলে ৩য় দফায় ঐ জলমহালের নাম বাদ দেয়া হয়েছে, ৩য় দফায় টেন্ডারে কোন জলমহালের দেয় দর অনুমোদিত হলে ৪র্থ দফায় ঐ জলমহালের নাম বাদ দেয়া হয়েছে, ৪র্থ দফায় টেন্ডারে কোন জলমহালের দেয় দর অনুমোদিত হলে ৫ম দফায় ঐ জলমহালের নাম বাদ দেয়া হয়েছে , ৫ম দফায় টেন্ডারে কোন জলমহালের দেয় দর অনুমোদিত হলে ৬ষ্ঠ দফায় ঐ জলমহালের নাম বাদ দেয়া হয়েছে ,৬ষ্ঠ দফায় টেন্ডারে কোন জলমহালের দেয় দর অনুমোদিত হলে ৭ম দফায় ঐ জলমহালের নাম বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে। এজন্য আলাদাভাবে কোন বিজ্ঞপ্তি জারী করা হবে না। শর্তাবলী ও টেন্ডার সংক্রান্ত বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

| ক্রমিক নং | জলাশয়ের নাম | গ্রাম/মৌজা | আয়তন (একরে) | সম্ভাব্য মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ছাত্রখালী খাল | ছাত্রখালী | ১৪.৬৮ | ৩৫,২০০/- | ৫০০/- |
| ০২ | চালিতাতলা জলকর | চালিতাতলা | ১২.২২ | ২৮,৬০০/- | ৫০০/- |
| ০৩ | নারায়ণপুর জলকর | নারায়ণপুর | ৩.৩১ | ৯,৯০০/- | ৫০০/- |
| ০৪ | ভোমবাগ খাল জলকর | ভোমবাগ | ১৮.৭৫ | ৪৭,৩০০/- | ৫০০/- |
| ০৫ | বড়কালিয়া খাস পুকুর | বড়কালিয়া | ১.৮০ | ৭০,৪০০/- | ৫০০/- |
| ০৬ | বড়কালিয়া খাস পুকুর | বড়কালিয়া | ০.৩০ | ২২,০০০/- | ৫০০/- |
| ০৭ | শিবান্দপুর খাস পুকুর | শিবান্দপুর | ২.৮৫ | ৪৮০০/- | ৫০০/- |
| ০৮ | খাশিয়াল খাস পুকুর | খাশিয়াল | ১.১৪ | ১৪,১০০/- | ৫০০/- |
| ০৯ | মচন্দপুর খাস পুকুর | মদনগাতি | ০.৭৫ | ৪৬০০/- | ৫০০/- |
| ১০ | নড়াগতি কাচাবাড়ী খাস পুকর | নড়াগতি | ০.৪০ | ৮৫০০/- | ৫০০/- |

(ক) দরপত্র ফরম ক্রয়, দাখিল ও খোলার সময়সূচীঃ

| ক্রমিক নং/ দফা | সিডিউল ক্রয়ের শেষ তারিখ ও সময় (অনলাইনে) | দরপত্র দাখিলের তারিখ ও সময় (অনলাইনে এবং প্রিন্টেড কপি) | দরপত্র খোলা/যাচাই বাছাই এর তারিখ ও সময় (অনলাইনে দাখিলকৃত প্রিন্টেড কপি) | মূল্যায়ন কমিটির সভার তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| ১ম দফা | ০৮ ফেব্রুয়ারি/২৩ বিকাল ৪.০০ টা | ০৯ ফেব্রুয়ারি/২৩ দুপুর ১.০০ টা | ১৪ ফেব্রুয়ারি/২৩ বিকাল-৩.০০ | ২৮ ফেব্রুয়ারি/২৩ বিকাল-৩.০০ টা |
| ২য় দফা | ১১ মার্চ/২৩ বিকাল ৫.০০ টা | ১২মার্চ/২৩ দুপুর ১.০০ টা | ১২মার্চ/২৩ বিকাল ৩.০০ টা | ১২মার্চ/২৩ বিকাল ৩.০০ টা |
| ৩য় দফা | ২০ মার্চ/২৩ বিকাল ৫.০০ টা | ২০মার্চ/২৩ দুপুর ১.০০ টা | ২০মার্চ/২৩ বিকাল ৩.০০ টা | ২০মার্চ/২৩ বিকাল ৩.০০ টা |
| ৪র্থ দফা | ২৮ মার্চ/২৩ বিকাল ৫.০০ টা | ২৯মার্চ/২৩ দুপুর ১.০০ টা | ২৯মার্চ/২৩ বিকাল ৩.০০ টা | ২৯মার্চ/২৩ বিকাল ৩.০০ টা |
| ৫ম দফা | ০৪ এপ্রিল/২৩ বিকাল ৫.০০ টা | ০৫ এপ্রিল/২৩ দুপুর ১.০০ টা | ০৫ এপ্রিল/২৩ বিকাল ৩.০০ টা | ০৫ এপ্রিল/২৩ বিকাল ৩.০০ টা |
| ৬ষ্ঠ দফা | ১১এপ্রিল/২৩ বিকাল ৫.০০ টা | ১২ এপ্রিল/২৩ দুপুর ১.০০ টা | ১২এপ্রিল/২৩ বিকাল ৩.০০ টা | ১২ এপ্রিল/২৩ বিকাল ৩.০০ টা |

### শর্তাবলী ঃ

১। যে কোন আগ্রহী মৎস্যজীবী সমবায় সমিতি জলমহাল ইজারায় অংশ গ্রহণ করতে পারবে। তবে সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরব[illegible] নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবেন। কিন্তু কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

২। বৈধ মৎস্যজীবী সমবায় সমিতির বৈধতা সম্পর্কে উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তার নিকট হতে সনদপত্র দাখিল করতে হবে ও বি[illegible] দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির ক্ষেত্রে দরকার হবে না।

৩। দরপত্র নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় ও সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, কালিয়া, নড়াইল হতে নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) [illegible] করা যাবে।

৪। দরপত্র নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের টেন্ডার বাক্সে নির্ধারিত তারিখ ও সময়ে গ্রহণ করা যাবে।

৫। সীলমোহরযুক্ত খামের উপর জলাশয়/মহালের নাম, দরপত্র দাতার নাম, ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৬। ১ম, ২য় ও ৩য় বছরের ইজারা মূল্য পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ইজারাদেশ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গন্য হবে।

৭। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনকে দুটির অধিক জলমহাল ইজারা প্রদান করা হবে না।

৮। যদি ইজরা গ্রহীতা নির্দিষ্ট সময়ের মধ্যে অর্থাৎ প্রথম ও দ্বিতীয় বৎসর শেষ হওয়ার পূর্বেই যথাক্রমে দ্বিতীয় ও তৃতীয় বৎসরের নির্দিষ্ট পরিমান অর্থ পরিশোধ করতে ব্যর্থ হন তবে তার জন্য কোন অজুহাত বিবেচনা করা হবে না এবং তা স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং কর্তৃপক্ষ নতুন করে সংশ্লিষ্ট জলমহাল ইজারা প্রদান করতে পারবেন।

৯। দরপত্রের সাথে জামানত স্বরুপ উদ্ধৃত দরের ২০% অর্থ যে কোন সিডিউল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট আকারে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে দাখিল করতে হবে উক্ত ২০% অর্থ কৃতকার্য দরদাতার ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।

১০। অনুমোদিত দরদাতার অবশিষ্ট ৮০% অর্থ ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে এককালীন পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখে সমুদয় অর্থ পরিশোধ করতে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল ও জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

১১। দরদাতাকে দরপত্রের উল্লিখিত দরের ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) প্রদান করতে হবে।

১২। এক জলমহালের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক জলমহালের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্গত দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

১৩। ইজারাদার কোনক্রমেই জলমহাল অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরুপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা উল্লিখিত চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গন্য হবে।

১৪। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট ও আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক চুক্তি সম্পাদন করতে হবে।

১৫। ইজারার মেয়াদ বাংলা ১৪৩২ সালের ৩০ চৈত্র পর্যন্ত বলবৎ থাকবে।

১৬। ইজারা গ্রহীতা সরকারী খাস পুকুর/জলমহালের পাড়ে বিদ্যমান কোন বৃক্ষ বা ইজারা চুক্তির মেয়াদের মধ্যে রোপিত বৃক্ষের উপর কোন অধিকার বা স্বার্থবান হবে না।

১৭। কোন সমিতির নিকট সায়রাত মহালের ইজারামূল্য বকেয়া এবং সার্টিফিকেট মামলা থাকলে উক্ত সমিতির আবেদন সরাসরি গ্রহণযোগ্য হবে না।

১৮। ২০(বিশ) একর পর্যন্ত খাস বদ্ধজলাশয়/পুকুর/জলমহাল ইজরা সংক্রান্ত অনুল্লিখিত শর্তাবলী সরকারী বিধান মতে প্রযোজ্য হবে।

১৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরিকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫.০১.২৬

আফরিন জাহান
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ইজারা ব্যবস্থাপনা কমিটি
কালিয়া, নড়াইল।
ফোন-০২৪৭৭৭৭৪৫০৭

স্মারক নম্বর- ০৫.৪৪.৬৫২৮.০০১.০৫.০১৩.২৩- ৩৮(৫০)　　তারিখ ঃ ১৫/০১/২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

১। জেলা প্রশাসক, নড়াইল।
২। সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, নড়াইল।
৩। সহকারী কমিশনার (ভূমি), কালিয়া, নড়াইল।
৪। উপজেলা.............................................................অফিসার, কালিয়া, নড়াইল।
৫। চেয়ারম্যান.............................................(সকল) ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা..........................................ইউঃ ভূমি অফিস, কালিয়া, নড়াইল। তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৭। সভাপতি/সম্পাদক.............................................................সমবায় সমিতি, কালিয়া, নড়াইল
৮। অফিস নথি।

১৫/০১/২৬
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
কালিয়া, নড়াইল।